



চট্টগ্রামের সীতাকুণ্ডে আন্তর্জাতিক ইসলামিক ইউনিভার্সিটি চট্টগ্রামের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন রাষ্ট্রপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরী

ছাত্রদের সন্ত্রাস দুর্নীতি ও কুসংস্কারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে : রাষ্ট্রপতি

চট্টগ্রাম ব্যুরো

রাষ্ট্রপতি প্রফেসর ডা. একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, আধুনিক যুগের চাহিদা অনুযায়ী দেশের শিক্ষা ব্যবস্থাকে আরও উন্নত ও পুনর্গঠিত করা প্রয়োজন, যাতে ছাত্ররা মানবিক গুণাবলীসম্পন্ন, দেশপ্রেমিক এবং দৃঢ় চরিত্রের হয়। তিনি বলেন, ছাত্রদের সন্ত্রাস, দুর্নীতি ও কুসংস্কারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। একই সঙ্গে আলোচিত এবং কুসংস্কারের : পৃষ্ঠা : ২ কলাম : ৬

কুসংস্কারের : বিরুদ্ধে

(শেষ পৃষ্ঠার পর)

সশীল সমাজ গড়তে শিক্ষকদের সুনির্দিষ্ট ভূমিকা পালন করতে হবে। তথ্যপ্রযুক্তির ত্রুটি উৎকর্ষের যুগে ছাত্রদের কর্তব্য সম্পর্কে রাষ্ট্রপতি বলেন, শুধু ডিগ্রি অর্জন নয়, শিক্ষার উদ্দেশ্য হওয়া উচিত তরুণদের নৈতিকতাবোধ এবং প্রযুক্তিগত জ্ঞানকে সমৃদ্ধরূপে গড়ে তোলা।

গতকাল বৃহস্পতিবার আন্তর্জাতিক ইসলামিক ইউনিভার্সিটি চট্টগ্রামের (আইআইইউসি) প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসাবে সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। নগরী ছাড়িয়ে সীতাকুণ্ড উপজেলার কুমিরার জোড়াআমতল গ্রামের মনোরম পাহাড় পরিবেশে বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত স্থায়ী ক্যাম্পাসে এখানে অনুষ্ঠিত এ সমাবর্তনে সমাবর্তন বক্তা ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান। তত্ত্বাবধায়ক সরকার প্রধান হিসাবে বিদায় নেয়ার ৫ মাস পর এই প্রথম লতিফুর রহমান কোন অনুষ্ঠানে হাজির হলেন। এছাড়া বক্তব্য রাখেন পানিসম্পদ মন্ত্রী এল কে সিদ্দিকী, আইআইইউসি উপাচার্য প্রফেসর মোহাম্মদ আলী, উপ-উপাচার্য প্রফেসর আবুবকর রফিক, আইআইইউসি ট্রাস্টের চেয়ারম্যান আবদুল্লাহ ওমর নাসিফ।

মঞ্চে উপস্থিত ছিলেন ট্রাস্টের দুই ভাইস চেয়ারম্যান আই আবদুল আজিজ আল মুসলেহ, নাওলানা শামসুদ্দিন এবং ট্রাস্টের সেক্রেটারি মুহাম্মদ বদিউল আলম।

সমাবর্তন অনুষ্ঠানে অভিযোজিত মঞ্চে আরও উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী আবদুল্লাহ আল নোমান, জামায়াত নেতা অধ্যাপক গোলম আযম, মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী এমপি, শাহজাহান চৌধুরী এমপি, চ.বি. উপাচার্য প্রফেসর এজেএম নরুদ্দিন চৌধুরী।